

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.১১.২২৩.২৫-১১১৪

তারিখ: ০২ কার্তিক ১৪৩৩
১৮ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর রাজস্ব খাতভুক্ত 'সীট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর' পদে জাতীয় বেতন স্কেল, ২০২৬ এর ১৪তম গ্রেডে (২৩,৫০০-৫৬,৮০০/- টাকা স্কেলে) নিম্নবর্ণিত প্রার্থীদেরকে শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	প্রার্থীর নাম, পিতা-মাতার নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা	রোল নম্বর	নিজ জেলা
১	২	৩	৪	৫	৬
০১	জনাব মো: রাজিব মিয়া পিতা: মো: ছালাম মিয়া মাতা: নাজমা বেগম	প্রযত্নে: মো: ছালাম মিয়া গ্রাম: উত্তর রউহা ডাকঘর: দারাগ্রাম উপজেলা/থানা: সাটুরিয়া জেলা: মানিকগঞ্জ-১৮১০	প্রযত্নে: মো: ছালাম মিয়া গ্রাম: উত্তর রউহা ডাকঘর: দারাগ্রাম উপজেলা/থানা: সাটুরিয়া জেলা: মানিকগঞ্জ-১৮১০	১১০১৩১৯	মানিকগঞ্জ
০২	জনাব লিজা আক্তার পিতা: মো: আব্দুল হক মাতা: আয়েশা আক্তার	প্রযত্নে: আয়েশা আক্তার গ্রাম: আকুবপুর ডাকঘর: আকুবপুর উপজেলা/থানা: তাড়াইল জেলা: কিশোরগঞ্জ-২৩১৬	প্রযত্নে: আয়েশা আক্তার গ্রাম: আকুবপুর ডাকঘর: আকুবপুর উপজেলা/থানা: তাড়াইল জেলা: কিশোরগঞ্জ-২৩১৬	১১০০০২৯	কিশোরগঞ্জ

নিয়োগের শর্তাবলিঃ

- ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- খ) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;
- গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;
- ঘ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ (তিন) সেট (নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল কাগজপত্র) ফটোকপি দাখিল করতে হবে;
- ঙ) চাকরিতে তাঁদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদ এবং ডোপটেস্ট রিপোর্ট সংগ্রহপূর্বক যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন/ডোপটেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
- ছ) তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না মর্মে ৩০০/- (কথায়: তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে মুচলেকা যোগদানপত্রের সাথে জমা দিতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী);
- জ) এ নিয়োগপত্রের সাথে পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী);
- ঝ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোনো প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- ঞ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ট) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

০২। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০১ নভেম্বর, ২০২৬ তারিখে নিম্নস্বাক্ষরকারী বরাবর যোগদানপত্র (সংযুক্ত নমুনা অনুযায়ী) দাখিল করতে হবে।


১৮/১০/২০২৫

(ইশরাত জামান)

মহাপরিচালক

ফোন: ০২২২৬৬৮৩৬৩৮

ই-মেইল: dg@niport.gov.bd

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.১১.২২৩.২৫-১১১৪/১(১৬)

তারিখ: ০২ কার্তিক ১৪৩৩
১৮ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন, গবেষণা, প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

২। সিভিল সার্জন-----।

৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৬। তত্ত্বাবধায়ক (প্রশাসন), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

৮। জনাব-----।

৯। অফিস কপি।


(ফয়য়দাল হক)

উপপরিচালক (প্রশাসন) ও সিনিয়র সহকারী সচিব

ফোন: ০১৭১১-১৯৯৯৮৩

ই-মেইল: ddadmin@niport.gov.bd